

২৬/০৯/২০২২ খ্রি: তারিখে বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, সিলেট এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি: মুনাল কান্তি বিশ্বাস যুগ্ম-নিবন্ধক (প্রশাসন) ও আহবায়ক।	স্থান: বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট এর সম্মেলন কক্ষ। তারিখ: ২৬/০৯/২০২২ খ্রি:। সময়: সকাল ১১.০০ ঘটিকা, উপস্থিতি: (পরিশিষ্ট- ক)
--	---

অদ্য ২৬/০৯/২০২২ খ্রি: বুধবার সকাল ১১.০০ ঘটিকায় বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট বিভাগ, এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত কমিটির সভা জনাব মুনাল কান্তি বিশ্বাস, যুগ্ম-নিবন্ধক ও আহবায়ক, এর সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন কমিটি, সিলেট বিভাগ, সিলেট এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় কমিটির অন্যান্য সদস্যগণ উপস্থিত ছিলেন। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

ক্র নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন	প্রতি ত্রৈমাসে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে প্রধান কার্যালয়কে অবহিত করতে হবে ও স্ব -স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। প্রমানক হিসাবে স্ক্রিন সর্ট সংরক্ষণ করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি ও জেলা সমবায় কার্যালয় (সকল)
০২	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন।	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত ১ম ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন নিধারিত সময়ে প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি ও জেলা সমবায় কার্যালয় (সকল)
০৩	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২০২২-২০২৩ অর্থবছরে ৪টি সভার লক্ষ্যমাত্রা রয়েছে। সে প্রেক্ষিতে চলতি ত্রৈমাসে আওতাধীন জেলা সমবায় কার্যালয় ও উপজেলা সমবায় কার্যালয়ের সমন্বয়ে ১টি সভা সম্পন্ন করা হয়েছে। জেলা কার্যালয় সমূহ ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন করবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি ও জেলা সমবায় কার্যালয় (সকল)
০৪	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ	ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ করে স্ব -স্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। প্রমানক হিসাবে স্ক্রিন সর্ট সংরক্ষণ করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি ও জেলা সমবায় কার্যালয় (সকল)
০৫	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/সেমিনার/ প্রশিক্ষণ আয়োজন।	সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ২০২২-২০২৩ অর্থবছরে ২টি কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ এর লক্ষ্যমাত্রা রয়েছে। সে অনুযায়ী প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/সেমিনার/প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কমিটি ও জেলা সমবায় কার্যালয় (সকল)

